বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৭

তারিখ: ০৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ১৭ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: গুজব বা অসত্য তথ্য প্রকাশ বা প্রচারে সতর্কীকরণ প্রসঙ্গে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অনলাইন প্ল্যাটফর্মে পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে উদ্দেশ্য প্রণোদিতভাবে কিছু ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য ছড়ানো হচ্ছে যা প্রকৃতপক্ষে সঠিক নয়। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সাইবারস্পেসে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে অপ্রকাশিত তথ্য(undisclosed information) প্রকাশ, শেয়ার দরের পূর্বাভাস কিংবা ভবিষ্যদ্বাণী(price forecasting or prediction) ইত্যাদিসহ যেকোন ধরণের অসত্য তথ্য ও গুজব ছড়ানো সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। সুতরাং, পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলকে এধরণের গুজব ও অসত্য তথ্য প্রকাশ কিংবা প্রচার থেকে সম্পূর্ণরূপে বিরত থাকার অনুরোধ জানানো হচ্ছে।

উদ্দেশ্য প্রণোদিতভাবে ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য ছড়ানো ব্যক্তিদের এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, যারা গুজব বা অসত্য তথ্য প্রকাশ বা প্রচারে জড়িত রয়েছেন তাদের বিরুদ্ধে অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে তাদের তাৎক্ষণিকভাবে আইনের আওতায় আনা হবে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র